# 97818 - যদি অপারেশনকালে রোগী মারা যায় তাহলে ডাক্তারের ওপর কী অনিবার্য?

প্রশ্ন

যে ডাক্তারেরা অপারেশন করেন; ধরে নিই তাদের হাতে একজন রোগী মারা গেলে— তারা অপারেশন করাকালে এবং অপারেশনের কারণে। এ কারণে কি তাদের ওপর কোন কিছু অনিবার্য হবে কিংবা তাদের ওপর কি কাফ্‌ফারা অনিবার্য হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি তাদের কোন কসুরের কারণে লোকটি মারা যায় কিংবা ডাক্তার যদি অপারেশন করতে না জানেন; সেক্ষেত্রে এর জন্য ডাক্তার দায়ী হবেন এবং তার উপর কাফ্‌ফারা ও তার আকিলা (পিতার দিকের পুরুষ আত্মীয়গণ)-এর উপর দিয়িত (রক্তমূল্য) আবশ্যক হবে।

কেননা এটি ভুলক্রমে হত্যা হিসেবে গণ্য। আর যদি ডাক্তার অপারেশন করায় অভিজ্ঞ হন এবং রোগীর শারীরিক অবস্থা এটি বহন করতে না পারে এবং ডাক্তারের কোন কসুর না ঘটে; তাহলে ডাক্তারদের ওপর কোন গুনাহ বর্তাবে না এবং তাদেরকে কোন ক্ষতিপূরণ বা কাফ্‌ফারা দিতে হবে না।

[‘আল-মুনতাক্বা মিন ফাতাওয়াস শাইখ সালিহ আল-ফাওযান (৩/২৮০)]